



চিকিৎসাবিজ্ঞানে নোবেল পেলেন যুক্তরাষ্ট্র ও জাপানের তিন বিজ্ঞানী



সংগৃহীত ছবি

চিকিৎসাবিজ্ঞান ও শরীরতত্ত্বে চলতি বছর নোবেল পুরস্কার পান যুক্তরাষ্ট্রের মেরি ই. ব্রাক্কো, ফ্রেড রামসডেল এবং জাপানের শিমন সাকাগুচি। ইমিউন সিস্টেমের ‘পরিফেরাল ইমিউন টলারেন্স’ সম্পর্কিত আবিষ্কারের জন্য তাদের এই সম্মান প্রদান করা হয়।

আজ সোমবার (৬ অক্টোবর) বিকেল ৩:৩০ মিনিটে সুইডেনের স্টকহোম থেকে ক্যারোলিনস্কা ইনস্টিটিউট চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কারের ঘোষণা করেছে। বার্তা সংস্থা রয়টার্স এই তথ্য নিশ্চিত করেছে।

দ্য নোবেল প্রাইজের বিবৃতিতে বলা হয়েছে, মানবদেহের ইমিউন সিস্টেমকে নিয়ন্ত্রিত রাখতে না পারলে এটি শরীরের নিজস্ব অঙ্গপ্রত্যঙ্গ আক্রমণ করতে পারে। মেরি ই. ব্রাক্কো, ফ্রেড রামসডেল ও শিমন সাকাগুচির আবিষ্কার এই নিয়ন্ত্রণ প্রক্রিয়াকে বোঝার ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা রেখেছে।

তাদের গবেষণা ক্যানসার ও অটোইমিউন রোগের নতুন চিকিৎসা উদ্ভাবনের পথ উন্মুক্ত করেছে এবং এক নতুন গবেষণা ক্ষেত্রের ভিত্তি স্থাপন করেছে। প্রতি বছর চিকিৎসাবিজ্ঞানে নোবেল ঘোষণা করে সুইডেনের ক্যারোলিনস্কা ইনস্টিটিউট, আর পদার্থবিজ্ঞান ও রসায়নে নোবেল ঘোষণা করে রয়্যাল সুইডিশ অ্যাকাডেমি অব সায়েন্স।